



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৮ জুন ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

## সাংবাদিক ফজলে এলাহীকে গ্রেফতারের নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর সহসভাপতি নতুন কুমার চাকমা আজ ৮ জুন ২০২২ বুধবার এক বিবৃতিতে গতকাল পাহাড় টোয়েন্টিফোর ডটকমের সম্পাদক, বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম, কালেরকণ্ঠ ও এনটিভির রাঙামাটি জেলা প্রতিনিধি ফজলে এলাহীকে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

ডিজিটাল নিরাপত্তা আইনে তার গ্রেফতারকে স্বাধীন মত প্রকাশের অধিকার ও মুক্ত সাংবাদিকতার উপর এক নগ্ন হস্তক্ষেপ বলে মন্তব্য করে ইউপিডিএফ নেতা বলেন, পার্বত্য চট্টগ্রামে সংবাদ মাধ্যমের উপর একটি বিশেষ মহলের অঘোষিত নিয়ন্ত্রণ রয়েছে, যার কারণে এখানে স্বাধীন মত প্রকাশের অধিকার চরমভাবে সংকুচিত হয়ে পড়েছে এবং সাংবাদিক নিগ্রহের ঘটনাও ঘটছে।

তিনি অবিলম্বে সাংবাদিক ফজলে এলাহীর মুক্তি, তার বিরুদ্ধে দায়েরকৃত হয়রানিমূলক মামলা খারিজ ও ভিন্নমত দমনের শাসকগোষ্ঠীর হাতিয়ার ডিজিটাল নিরাপত্তা আইন বাতিলের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।